গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)
প্রধান প্রকৌশলীর কার্যালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।

স্মারক নং-৪৫.০২.০০০০.০১০.১৮.০০২.২২-১৫৪৬ তারিখ ঃ ২৯/০৬/২৩

বিষয় ঃ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২১/০৬/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্টক্রমে প্রেরণ করা হলো।

২৯/৬/২০২৩

সংযুক্তি ঃ সভার কার্যবিবরণী-০৪(চার) পাতা।

(মোঃ আব্দুল হামিদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) (চঃ দাঃ)
এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা
ও
সদস্য সচিব, নৈতিকতা কমিটি

কার্যক্রমঃ সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ ঃ উপ-সচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও লাইন ডাইরেক্টর (পিএফডি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালি, ঢাকা।
৪। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওয়ান বাজার ঢাকা।
৫। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালি, ঢাকা।
৬। মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৭। অতিরিক্তি প্রধান প্রকৌশলী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও প্রশাসন), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল ১/২/৩/৪/৫/৬/৭/৮।
১০। পরিচালক, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১। উপ-সচিব (প্রশাসন-২) (অতিরিক্ত দায়িত্ব বাজেট শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
১২। নির্বাহী প্রকৌশলী (পিএম-১/পিএম-২/তড়িৎ-প্রকল্প ব্যবস্থাপনা), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
১৩। নির্বাহী প্রকৌশলী (সকল), এইচইডি, ........................................... বিভাগ।
১৪। প্রধান প্রকৌশলী মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

G:\NIS\NIS-HED-2022-23\Letter.docx

CamScanner

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল বশির আহমেদ, এনডিসি, পিএসসি<br>প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা। |
| সভার স্থান | : | সভাকক্ষ, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ২১/০৬/২০২৩ খ্রিঃ, সময় ঃ বেলা ০৩.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত করা হলো।

১। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সরকারি প্রতিষ্ঠানসমূহের কর্মকান্ডে সেবাধর্মী আচরণ প্রতিষ্ঠার জন্য শুদ্ধাচার বিষয়ে সচেতনতা বৃদ্ধির গুরুত্ব তুলে ধরেন। প্রধান প্রকৌশলী মহোদয় উপস্থিত সকলকে জানান যে, মন্ত্রণালয় কর্তৃক অর্পিত দায়িত্ব স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সুচারুরূপে পালন করে আসছে।

অতঃপর তিনি অদ্যকার সভার বিষয়বস্তু নিয়ে আলোচনার জন্য আহ্বান জানান। সে প্রেক্ষিতে জনাব আবুল কাইয়ুম খান, নির্বাহী প্রকৌশলী (তড়িৎ) জানান যে, ৫ম স্বাস্থ্য পুষ্টি ও জনসংখ্যা (এইচপিএনএসপি) সেক্টর কর্মসূচি'র অধীন অপারেশনাল প্ল্যান প্রস্তুতির কাজ শুরু হয়েছে। ইতোমধ্যে যে সকল প্রকল্প/কাজ উক্ত সেক্টর কর্মসূচীতে অন্তর্ভূক্ত করা হবে তার খসড়া স্টোকহোল্ডার তথা স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, নিপোর্ট ইত্যাদি প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে। এ সকল প্রকল্প কাজ পরবর্তী ওপি'তে অন্তর্ভূক্ত করা হবে কিনা তা উক্ত প্রতিষ্ঠান প্রধান থেকে সম্মতি পাওয়া গেলে সেগুলো অন্তর্ভূক্ত করা হবে।

অতঃপর সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সম্ভাব্য প্রকল্প কাজের তালিকা প্রদর্শন করা হয় এবং অধিদপ্তর ওয়াইজ আলোচনা করা হয়। উপস্থিত পরিবার পরিকল্পনা অধিদপ্তর, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর ও নিপোর্টের প্রতিনিধি অধিকাংশ প্রকল্প কাজ পরবর্তী ওপি'তে অন্তর্ভূক্তির সম্মতি জানান।

জনাব ডাঃ মোঃ ফায়জুর রহমান, সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, জানান যে, প্রেরিত কাজের তালিকা নিয়ে পরিচালক (পরিকল্পনা), পরিবার পরিকল্পনা অধিদপ্তর মহোদয়ের সাথে এ বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত জানানো হবে।

সভায় উপস্থিত স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, নিপোর্ট, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, তারাও তাদের দপ্তরের উদ্ধর্তন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে প্রকল্প কাজ অন্তর্ভূক্তির বিষয়ে সিদ্ধান্ত জানাবেন। জনাব আবুল কাইয়ুম খান জানান যে, অতি দ্রুত এ বিষয়ে সিদ্ধান্ত জানাতে হবে। কারণ জুলাই মাসের ১ম সপ্তাহে এ বিষয়ে মন্ত্রণালয়ে চূড়ান্ত সভা অনুষ্ঠিত হবে।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল অধিদপ্তরের প্রতিনিধিকে অতি দ্রুত এ বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানান।

২। প্রধান প্রকৌশলী মহোদয় অতঃপর বিভিন্ন প্রকল্প কাজ সমাপ্তির পরে ব্যবহারকারী কর্তৃপক্ষের নিকট হস্তান্তরকরণ না হওয়া এবং হস্তান্তরকরণে বিলম্বের ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন। দীর্ঘদিন ধরে প্রকল্প কাজগুলো শেষ হলেও ব্যবহারকারী কর্তৃপক্ষ কর্তৃক হস্তান্তর/বুঝে না নেওয়ার কারণে কাঙ্ক্ষিত স্বাস্থ্য সেবা প্রদান করা সম্ভব হয় না।

সভায় উপস্থিত প্রকৌশলী জনাব মোঃ আনোয়ার হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এইচইডি জানান যে, প্রকল্পের নির্মাণ কাজ শেষ হলেও অনেক সময় আসবাবপত্র সরবরাহ না থাকায় ভবন হস্তান্তর হওয়ার পরও তা চালূ করা যায় না। সে প্রেক্ষিতে আগামী ওপি'তে নির্মাণ কাজের সাথে আসবাবপত্র সরবরাহ কাজটি অন্তর্ভূক্তির বিষয়ে মতামত দেন এবং বলেন যে, বিষয়টি মন্ত্রণালয়ে অনুষ্ঠেয় পরবর্তী সভায় চূড়ান্ত সিদ্ধান্ত গৃহিত হবে। সভায় উপস্থিত বিভিন্ন অধিদপ্তরের প্রতিনিধি নির্মাণ কাজের সাথে আসবাবপত্র সরবরাহ কাজটি অন্তর্ভূক্তির বিষয়ে একমত প্রোষন করেন।

নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের সহকারী পরিচালক শিউলী বেগম জানান যে, ওপিতে অন্তর্ভূক্ত চলমান নার্সিং কলেজ নির্মাণ কাজসমূহ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে।



CamScanner

৩। প্রকৌঃ জনাব মোঃ আনোয়ার হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এইচইডি জানান যে, আগামী ২০২৩-২৪ অর্থবছরের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অবকাঠামোসমূহের মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য ব্যবহারকারী কর্তৃপক্ষের সহযোগীতা প্রয়োজন। মাঠ পর্যায়ের ব্যবহারকারী কর্তৃপক্ষ স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা স্থাপনার মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ বাস্তবায়ন করার জন্য এইচইডির মাঠ পর্যায়ের কার্যালয়কে অবগত করালে সে অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করে মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ হাতে নেওয়া হবে। তিনি হাসপাতাল ও অফিস আঙ্গিনা নিয়মিতভাবে পরিষ্কার পরিচ্ছন্নতার ব্যাপারে যত্নশীল হওয়ার ব্যাপারে আহ্বান জানান।

৪। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত/সুপারিশ পেশ করা হয়ঃ

সিদ্ধান্ত/সুপারিশঃ

(ক) ৫ম স্বাস্থ্য, পুষ্টি এবং জনসংখ্যা (এইচপিএনএসপি) সেক্টর কর্মসূচি'তে অন্তর্ভূক্ত প্রকল্প কাজের তালিকা অতি শ্রীঘ্রই স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, নিপোর্ট ইত্যাদি প্রতিষ্ঠান কর্তৃক চূড়ান্ত করে এইচইডি'তে প্রেরণ করবেন।

(খ) এইচইডি কর্তৃক যে সকল প্রকল্প কাজ সমাপ্ত হয়েছে কিন্তু হস্তান্তর করা হয়নি সে সকল প্রকল্প কাজ যথাযথ কর্তৃপক্ষকে হস্তান্তরকরণ/বুঝে নেওয়ার জন্য মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণ করতে হবে এবং হস্তান্তরকৃত হাসপাতাল/প্রতিষ্ঠান দ্রুত চালুকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) ব্যবহারকারী কর্তৃপক্ষের চাহিদার প্রেক্ষিতে মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের প্রাক্কলন প্রস্তুত করা হবে এবং মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পর তা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(ঘ) হাসপাতাল ও অফিস আঙ্গিনা নিয়মিতভাবে পরিষ্কার-পরিচ্ছন্নতার ব্যাপারে নিজ নিজ প্রতিষ্ঠান যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/৬/২৩

ব্রিগেডিয়ার জেনারেল বশির আহমেদ, এনডিসি, পিএসসি
প্রধান প্রকৌশলী
ও
আহবায়ক, নৈতিকতা কমিটি
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)

CamScanner

পরিশিষ্ট - 'ক'

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর প্রধান কার্যালয়ের সভা কক্ষে প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহনে অনুষ্ঠিত সভায় সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা ঃ

সভার তারিখ : ২১/০৬/২০২৩ খ্রিঃ

সময় : বেলা ৩.০০ ঘটিকা

স্থান : সভা কক্ষ, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

| ক্রঃ নং | নাম ও পদবী | কার্যালয়ের নাম | মোবাইল নাম্বার | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১ | Md. Anowar Hossain. Additional Chief Engineere. | HED. | 01711-629070 | [signature] 21/06/23. |
| ২ | Md. Rafiqul Islam Sarker SE, HED | Circle-1 Dhaka | 01711482799 | [signature] 21.06. 2023 |
| ৩ | এম, এম জাহাঙ্গীর হোসেন [illegible] | HED, HSD | 01552-679681 | [signature] 21/06/23 |
| ৪ | [illegible] সহকারী পরিচালক | DGNM | 01725000582 | [signature] 21/06/23 |
| ৫ | ডা: মো: মাহফুজুর রহমান সহকারী পরিচালক | DGFP | 01711407684 | [signature] 21/06/23 |
| ৬ | ডা: মো: [illegible] সহকারী পরিচালক | DGME | 01760566827 | [signature] 21/6/23 |
| ৭ | হিরো ধর, সহকারী পরিচালক (প্রশি.) | NIPORT | 01833822482 | [signature] ২১/০৬/২৩ |
| ৮ | আবুল কাইয়ুম খান নির্বাহী প্রকৌশলী (পিডিপ) | HED, HQ | 01711161846 | [signature] 21/06 2023 |
| ৯ | মো: হামিদুল হক খান নির্বাহী প্রকৌশলী (চ: দা:) | HED, HQ | 01717167470 | [signature] 21/06/23 |
| ১০ | MD. TAIFUR RAHMAN ExEn (c.c.) (PM-1) | HED, HQ | 01817-589388 | [signature] 21/06/23 |



CamScanner

| ক্র নং | নাম ও পদবী | কার্যালয়ের নাম | মোবাইল নাম্বার | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১১ | [illegible] (সেক্টর ...) | HED HQ | 01915600896 | [signature] 21/6/23 |
| ১২ | সৈয়দ মো: হাবিবুর রহমান সহকারী পরিচালক (অর্থ) (চ: দা:) | এইচইডি প্রধান কার্যালয় | ০১৭১১-৯৫৯৫৪৪ | [signature] 21.06.23 |
| ১৩ | মো: আব্দুল হামিদ উচ্চমান সহকারী: (হিসাব) (চ:দা:) | এইচইডি, প্রধান কার্যালয়- | ০১৭২৭৬৪৪২৫৮. | [signature] ২১/৬/২৩ |
| ১৪ | | | | |
| ১৫ | | | | |
| ১৬ | | | | |
| ১৭ | | | | |
| ১৮ | | | | |
| ১৯ | | | | |
| ২০ | | | | |



CamScanner